

💵 হজ উমরা ও যিয়ারত

বিভাগ/অধ্যায়ঃ অষ্টম অধ্যায় : হজ-উমরার আমলসমূহের সংক্ষিপ্ত ইতিহাস রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

আরাফায় অবস্থান

• ইবরাহীম আ. আরাফাতে অবস্থান করেছেন

ইবন মিরবা আনসারী আমাদের কাছে এসে বললেন, আমি আপনাদের কাছে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামএর প্রতিনিধি। তিনি বলেছেন,

«كونوا على مشاعركم هذه فإنكم على إرث إبراهيم عليه السلام».

'তোমরা হজের মাশায়েরে (হজের বিধি-বিধান পালনের বিশেষ বিশেষ স্থান) অবস্থান কর। কেননা তোমরা তোমাদের পিতা ইবরাহীমের ঐতিহ্যের ওপর রয়েছ।'[1] এর অর্থ ইবরাহীম আলাইহিস সালাম আরাফায় অবস্থান করেছিলেন, সে হিসেবে আমরাও করি।

• হজ সম্পাদনকারী নবীগণ আ. আরাফায় অবস্থান করেছেন

রাসূল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম আরো বলেন, উত্তম দো'আ হচ্ছে আরাফার দিনের দো'আ আর সেই বাক্য যা আমি ও আমার পূর্ববতী নবীগণ বলেছি,

«لاَ إِلَهَ إِلاَّ اللَّهُ وَحْدَهُ لاَ شَرِيكَ لَهُ لَهُ الْمُلْكُ وَلَهُ الْحَمْدُ وَهُوَ عَلَى كُلّ شَيْءٍ قدير»

'আল্লাহ্ ছাড়া কোন ইলাহ নেই, তিনি এক, তাঁর কোন শরীক নেই, রাজত্ব ও সমস্ত প্রশংসা তাঁর জন্য। তিনি সর্ব শক্তিমান।'[2] এ হাদীস থেকে বুঝা যায় আম্বিয়ায়ে কিরাম আ. আরাফায় অবস্থান করে দো'আ করেছেন।

ফুটনোট

[1]. আবূ দাউদ ও তিরমিযী : ৮৮৩।

[2]. তিরমিযী : ৩৫৭৫।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=7457

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন